**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**9 MARCH 2025** **7:45—7:55 PM IST**

==========================================================================

(১) অর্থমন্ত্রী অজন্তা নেওগের আগামীকাল ২০২৫- ২৬ অর্থ বছরের রাজ্য সাধারণ বাজেট উত্থাপন ।

(২) রাজ্যের বিভিন্ন প্রান্তে আসাম পুলিশের নেশাযুক্ত দ্রব্য সহ বেশকয়েকজন সরবরাহকারীকে গ্রেপ্তার ।

(৩) আইফা ডিজিটেল এওয়ার্ডে সঙ্গীত পরিচালক অনুরাগ শইকিয়াকে শ্রেষ্ঠ সংগীত সম্মান ।

(৪) বিশেষভাবে সক্ষম ব্যাক্তিদের প্রতিভা ও দক্ষতা প্রদর্শনের জন্য আজ শিলচর জেলা ক্রীড়া সংস্থার মাঠে পার্পল মেলা আয়োজিত ।

৫) আই সি সি চ্যাম্পিয়নস ট্রফীর ফাইনালে নিউজিলেন্ডের ভারতকে জয়ের জন্য ২৫২ রাণের লক্ষ্য নির্ধারণ ।

---

অর্থমন্ত্রী অজন্তা নেওগ আগামীকাল বিধানসভায় ২০২৫- ২৬ অর্থ বছরের সাধারণ বাজেট উত্থাপন করবেন । এটি হবে ড.হিমন্ত বিশ্ব শর্মা নেতৃত্বাধীন বিজেপি সরকারের ৫ বছর কার্যকালের শেষ পূর্ণাঙ্গ বাজেট । অর্থমন্ত্রী অজন্তা নেওগ গতকাল সাংবাদিকদের জানান যে সরকার একটি ভালো বাজেট উত্থাপন করার চেষ্টা করছে । বাজেটে সামগ্রিকভাবে রাজ্যের বিভিন্ন সমস্যা স্থান পাবে বলে মন্ত্রী উল্লেখ করেন । তিনি বলেন যে এবারের বাজেটে বিকশিত আসামের লক্ষ্য পূরণের উদ্দেশ্যে কৃষক ,দরিদ্র শ্রেণী ,যুব প্রজন্ম এবং মহিলা সবলীকরণের মতো বিষয়গুলিতে বিশেষ গুরুত্ব প্রদান করা হবে ।

---

সংসদের বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্যায় আগামীকাল থেকে শুরু হয়ে চৌঠা এপ্রিল পর্যন্ত চলবে । এই অধিবেশনে ২০ টি বৈঠক অনুষ্ঠিত হবে ।এই পর্যায়ে ২০২৫-২৬ বর্ষের দাবী মঞ্জুরী প্রস্তাব ও আনুসাঙ্গিক বিনিয়োজন বিল সম্পর্কে আলোচনা ও ভোটদান অনুষ্ঠিত হবে ।এছাড়া বেংকিং আইন সংশোধনী বিল , প্রব্রজন তথা বিদেশী বিল ২০২৫ , উপকূলীয় নৌ পরিবহন বিল , রেলওয়ে সংশোধনী বিল সহ বেশ কয়েকটি বিল উত্থাপন করা হবে ।উল্লেখ্য বাজেট অধিবেশনের প্রথম পর্যায় ৩১ শে জানুয়ারী থেকে ১৩ ই ফেব্রুয়ারী পর্যন্ত অনুষ্ঠিত হয়েছিল ।

---

শ্রম ও নিয়োগ মন্ত্রণালয় বিভিন্ন সংস্থায় কর্মরত শ্রমিকদের আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার সুবিধা লাভ করার জন্য ই-শ্রম পোর্টালে নাম পঞ্জীয়ন করার আহ্বান জানিয়েছে । আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী

জন  আরোগ্য যোজনার অধীনে দেশের বিভিন্ন প্রান্তের ৩১ হাজারেরও অধিক তালিকাভুক্ত সরকারী ও বেসরকারী হাসপাতালে চিকিৎসার জন্য প্রতিটি পরিবারকে বছরে ৫ লক্ষ টাকার স্বাস্থ্য বীমা প্রদান করা হবে । দেশের অর্থব্যবস্থার অস্থায়ী-স্বনিয়োজিত  শ্রমিক ও অনলাইন  মঞ্চের হয়ে কাজ করা ব্যাক্তিদের অবদানের কথা স্বীকার করে ২০২৫-২৬ বর্ষের কেন্দ্রীয় বাজেটে এই ব্যাক্তিদের জন্য ই-শ্রম পোর্টেলে  নাম পঞ্জীয়ন ,পরিচয় পত্র জারি করা এবং স্বাস্থ্য সুবিধা প্রদানের ব্যাবস্থা করা হয়েছে । বাজেটে করা এই ঘোষনাসমূহ রূপায়ন করার উদ্দেশ্যে শ্রম ও নিয়োগ মন্ত্রণালয় শীঘ্র একটি প্রকল্প আরম্ভ করবে ।

---

শিক্ষামন্ত্রী ডা:রনোজ পেগু আজ জনতা ভবনে ইঞ্জিনিয়ারিং কলেজের ১২ জন সহকারী অধ্যাপককে নিযুক্তি পত্র প্রদান করেন । রাজ্য সরকার স্বচ্ছ ও যোগ্য নিযুক্তির লক্ষ্যে শক্তিশালী পদক্ষেপ গ্রহণ করে নতুন প্রজন্মের মধ্যে আশার সঞ্চার করেছে বলে মন্ত্রী শ্রী পেগু ভাষণ প্রসঙ্গে উল্লেখ করেন । তিনি সকল সহকারী অধ্যাপকদের  শুভেচ্ছা জানান ।

---

আসাম পুলিশ রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আজ নেশাযুক্ত সামগ্রী সহ কয়েকজন সরবরাহকারীকে আটক করেছে ।গোপন সূত্রের খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে পুলিশ মাজবাট থেকে বিশ্বনাথে অবৈধভাবে সরবরাহ করা বেশ কিছু পরিমানের নেশাযুক্ত সামগ্রী সহ দুজন সরবরাহকারীকে গ্রেপ্তার করেছে । এদিকে দিসপুর পুলিশ এক অভিযান চালিয়ে নেশাযুক্ত সামগ্রী সহ তিনজন সরবরাহকারীকে গ্রেপ্তার করেছে ।গুয়াহাটীর খানাপারা অঞ্চলে চালানো এই অভিযানে

একটি স্কুটি ও চারটি মোবাইল ফোনও জব্দ করা হয়েছে ।দিশপুর পুলিশ গ্রেপ্তার করা তিনজন লোককে জেরা অব্যাহত রেখেছে ।

---

জয়পুরে অনুষ্ঠিত ২০২৫ সালের আইফা ডিজিটেল পুরস্কার প্রদান অনুষ্ঠানে আসামের সঙ্গীত পরিচালক অনুরাগ শইকিয়া শ্রেষ্ঠ শীর্ষ সংগীত সম্মান লাভ করেছেন ।মিস মেচড শীর্ষক ডিজিটেল ধারাবাহিকের তৃতীয় পর্বে 'ইস্ক হে' গানটির জন্য সঙ্গীত পরিচালক শ্রী শইকিয়াকে এই পুরস্কার প্রদান করা হয় ।উল্লেখ্য শ্রেষ্ঠ শীর্ষ সংগীত বিভাবে শ্রী শইকিয়া এ আর রহমান এবং সঞ্জয় লীলা বানশালীর মতো পরিচালকদের অতিক্রম করে এই সম্মান লাভ করতে সমর্থ হন ।

---

কাছাড় জেলা প্রশাসনের ব্যবস্থাপনায়  এবং সক্ষম সংস্থার সহযোগীতায় আজ শিলচর জেলা ক্রীড়া সংস্থার মাঠে আয়োজিত পার্পল মেলায় বিশেষভাবে সক্ষম ব্যাক্তিদের প্রতিভা ও দক্ষতা তুলে ধরা হয়েছে । মেলায় সম্মানিত অতিথি হিসেবে আসাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য ডক্টর রাজীব মোহন পন্থ , অতিরিক্ত আয়ুক্ত কিম লাংঘুম , বহ্নিকা চেতিয়া দিবাঙ্গ সেবা কেন্দ্রের অধ্যক্ষ উদয় শংকর গোস্বামী, ভারতীয় জনতা পার্টির কাছাড় জেলা সভাপতি রূপম সাহা প্রমূখ উপস্থিতি ছিলেন । উল্লেখ্য বিশেষভাবে সক্ষম ব্যাক্তিদের আত্ম-বিশ্বাস বৃদ্ধি এবং তাদের প্রতিভা , কলা -সংস্কৃতি এবং দক্ষতাকে সমাজের সামনে তুলে ধরাই এই পার্পল মেলার মূল উদ্দেশ্যে । প্রায় একশ জন দিব্যাঙ্গ শিশু , কিশোর-কিশোরী এবং ছাত্র-ছাত্রী এই পার্পল মেলায় অংশ গ্রহন করে ।

আমাদের সংবাদদাতার সঙ্গে কতা বলতে গিয়ে পার্পল মেলা সর্ম্পকে কমপোসাইট আঞ্চলিক কেন্দ্র গুয়াহাটীর দক্ষতা প্রশক্ষিন সমন্বয়ক শুভেন্দু কোলে জানান----

**Byte - ৬৬ সেকেন্ড**

---

আই সি সি চ্যাম্পিয়নস ট্রফীর ক্রিকেট প্রতিযোগীতার ফাইনালে নিউজিলেন্ড ভারতকে জয়ের জন্য ২৫২ রাণের লক্ষ্য নির্ধারণ করে দিয়েছে । দুবাই আর্ন্তজাতিক ক্রিকেট স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় টসে জিতে প্রথমে ব্যাটিং করার সিদ্ধান্ত নিয়ে নিউজিলেন্ড নির্ধারিত ৫০ অভারে ৭ উইকেট হারিয়ে ২৫১ রাণ সংগ্রহ করে । নিউজিলেন্ডের হয়ে ডারেল মিচেল সর্বাধিক ৬৩ রাণ সংগ্রহ করেন ।

ভারতের হয়ে বরুণ চক্রবর্তী এবং কুলদীপ যাদব  দুটি করে উইকেট সংগ্রহ করা সহ  মহম্মদ শ্বামী ও রবীন্দ্র জাদেজা একটি করে ইউকেট দখল করেন ।

জবাবে শেষ খবর পাওয়া পর্যন্ত ভারত ১৯ অভারে ২ উইকেটের বিনিময়ে ১০৬ রাণ করে খেলছে ।

---

শিলচর শহরের ৩০ টি সংগঠনের যৌথ উদ্যোগে আজ শিলচর নর্মাল স্কুল প্রাঙ্গনে বসন্ত উৎসবের আয়োজন করা হয় ।বসন্তের মিলন

উৎসব -৩ শীর্ষক এই অনুষ্ঠানে ৩০ টি সংগঠনের শিল্পীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে ।

---

শ্রীভূমি জেলার এরালিগুলিলের পন্ডিত দীন দয়াল উপাধ্যায় আর্দশ মহাবিদ্যালয়ে গতকাল জল , স্যানিটেশন এবং স্বাস্থ্য বিধি পদ্ধতির উপর গুরুত্ব আরোপ করে যথাযোগ্য মর্য্যাদায় আর্ন্তজাতিক নারী দিবস পালন করা হয়েছে । কলেজ অধ্যক্ষা ডক্টর জয়শ্রী চক্রবর্তীর পৌরহিত্যে আয়োজিত নারী দিবসের অনুষ্ঠানে নারিদের মর্য্যাদা , সুরক্ষা ও নারীশক্তি বিকাশের উপর গুরুত্ব আরোপ করে বাংলা বিভাগের সহকারী অধ্যাপিকা ডক্টর দেবযানী দেবনাথ , প্রানী বিদ্যা বিভাগের সহকারী অধ্যাপক ক্যালভারি আর ডার্নগওয়ান প্রমূখ বক্তব্য রাখেন ।

---

রূপম সামাজিক ও সাংস্কৃতিক সংস্থা আয়োজিত ৪৪তম নরেশ চন্দ্র পাল স্মৃতি সর্বভারতীয় বাংলা একাঙ্ক নাটক প্রতিযোগীতা আগামী ১৬ই মার্চ থেকে শিলচর বঙ্গভবনে শুরু হবে । এই প্রতিযোগীতা ২৩শে মার্চ পর্য্যন্ত চলবে । এউপলক্ষ্যে আগামী ১৪ই মার্চ বিকেল চারটায় গোলদিঘী মল থেকে একটি বর্ণাঢ্য শোভা যাত্রার আয়োজন করা হয়েছে । বিশিষ্ট চিকিৎসক ডক্টর কুমার কান্তি দাস সর্ব ভারতীয় বাংলা একাঙ্ক নাটক প্রতিযোগীতার উদ্বোধন করবেন । প্রতিদিন বিকেল ৩টে থেকে নাটক প্রতিযোগীতা শুরু হবে । শুধুমাত্র ২২শে মার্চের নাটকে প্রবেশ পত্র থাকবে বলে জানানো হয়েছে ।

---